গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০

স্মারক: ৪৬.০৪.০০০০.১০৫.৯৯.০০১(অংশ-১).২৪.৬০


তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: জন্ম ও মৃত্যু নিবন্ধন সিস্টেম (BDRIS) এ Possible Duplicate প্রদর্শিত আবেদনসমূহ নিষ্পত্তি।**


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন সিস্টেমে (BDRIS) জন্ম নিবন্ধনের আবেদনকালে আবেদনে উল্লিখিত ব্যক্তির নাম, জন্ম তারিখ, পিতা ও মাতার নামের সাথে ইতোমধ্যে অনলাইনে নিবন্ধিত কোন জন্ম সনদধারী ব্যক্তির নাম, জন্ম তারিখ, পিতা ও মাতার নাম মিলে গেলে BDRIS সিস্টেমে Possible Duplicate প্রদর্শিত হয় । অর্থাৎ নতুন জন্ম সনদের জন্য আবেদনকারী ব্যক্তির ইতোমধ্যে অনলাইনে জন্ম নিবন্ধন সনদ বিদ্যমান থাকার সম্ভাবনা রয়েছে মর্মে BDRIS সিস্টেমে চিহ্নিত হলে আবেদনকারী ব্যক্তির আবেদনটি অধিকতর যাচাই-বাছাইয়ের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত হয়।

০২। Possible Duplicate প্রদর্শিত আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা; সিটি কর্পোরেশন, পৌরসভা, ক্যান্টনম্যান্ট বোর্ড এর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসনের উপপরিচালক, স্থানীয় সরকার এবং দূতাবাসের ক্ষেত্রে সংশ্লিষ্ট দূতাবাসের নিবন্ধক ক্ষমতাপ্রাপ্ত। Possible Duplicate প্রদর্শিত আবেদনসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে করণীয় নিম্নরূপ:

**ক)** ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা তার ইউজার আইডি (User ID) হতে "জন্ম নিবন্ধনের জন্য আবেদনপত্রসমূহ" অপশনে প্রবেশ করে "আবেদনপত্রের স্ট্যাটাস দ্বারা অনুসন্ধান" অপশনে গিয়ে তার ইউজার আইডি (User ID) তে অনিষ্পন্ন Possible Duplicate আবেদনসমূহ দেখতে পাবেন;




**খ)** প্রদর্শিত আবেদনটি যাচাই-বাছাই করে যদি নিশ্চিত হন যে নতুন জন্ম সনদের জন্য আবেদনকারী ব্যক্তি ও ইতোমধ্যে নিবন্ধিত ব্যক্তি দুজন আলাদা সেক্ষেত্রে তিনি Possible Duplicate প্রদর্শিত আবেদনটি "অনুমোদন" করবেন। অনুমোদন করা হলে সংশ্লিষ্ট নিবন্ধন কার্যালয় আবেদনাধীন ব্যক্তির সনদ ইস্যু করবেন;



গ) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা Possible Duplicate প্রদর্শিত আবেদনটি যাচাই-বাছাই করে যদি নিশ্চিত হন যে নতুন জন্ম সনদের জন্য আবেদনকারী ব্যক্তি ও ইতোমধ্যে নিবন্ধিত ব্যক্তি একই সেক্ষেত্রে তিনি Possible Duplicate প্রদর্শিত আবেদনটি "বাতিল" করবেন। বাতিল করা হলে নতুন জন্ম সনদের জন্য আবেদনকারী ব্যক্তির ইতোমধ্যে অনলাইন জন্ম নিবন্ধন সনদ বিদ্যমান থাকায় তিনি আর নতুন জন্ম সনদ পাবেন না।

**উদাহরণস্বরূপ:** জনৈক আবুল কালাম নামীয় ব্যক্তি নতুন জন্ম নিবন্ধন সনদের জন্য নেত্রকোনা জেলার কেন্দুয়া উপজেলার মজলিশপুর ইউনিয়নে আবেদন করলেন। সংশ্লিষ্ট নিবন্ধন সরকারী (Authorised User) আবেদনটি Receive করার পর নওগাঁ জেলার রানীনগর উপজেলা গোনা ইউনিয়নের আবুল কালাম নামীয় একটি জন্ম নিবন্ধন সনদের সাথে Possible Duplicate প্রদর্শিত হলো। এক্ষেত্রে কেন্দুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) তাঁর ইউজার আইডি হতে আবেদনটির সাথে দাখিলকৃত প্রমাণক যাচাই-বাছাই করে যদি আলোচ্য আবুল কালামদ্বয় আলাদা ব্যক্তি মর্মে সিদ্ধান্তে উপনীত হন তাহলে তিনি আবেদনটি অনুমোদন করবেন। এক্ষেত্রে কেন্দুয়া উপজেলার মজলিশপুর ইউনিয়নে জন্ম সনদের জন্য আবেদনকারী আবুল কালাম তাঁর জন্ম নিবন্ধন সনদ পাবেন। কিন্তু সংশ্লিষ্ট UNO যদি দুজন একই ব্যক্তি মর্মে নিশ্চিত হয়ে আবেদনটি বাতিল করেন তাহলে আবুল কালামের ইতোমধ্যে একটি অনলাইন জন্ম নিবন্ধন সনদ বিদ্যমান থাকায় তিনি আর নতুন সনদ পাবেন না।

০৩। ইহা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো এবং উপরিল্লিখিত প্রক্রিয়া অনুসরণক্রমে অনিষ্পন্ন Possible Duplicate আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তির নিমিত্ত প্রয়োজনীয় এবং কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭/০৫/২০২৪

মো: লুৎফুর রহমান
ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (যুগ্মসচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৮৮৪
ই-মেইল-drg.ict@orgbdr.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
২। জেলা প্রশাসক (সকল)।
৩। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড (সকল)।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫। নিবন্ধক, নিবন্ধন কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধীকরণ (সকল দূতাবাস, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ)।

**অনুলিপি: সদয় অবগতির জন্য**

১। বিভাগীয় কমিশনার (সকল)।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। রেজিস্ট্রার জেনারেলের ব্যক্তিগত সহকারী, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।